নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ বকর ও উমার রাদিয়াল্লাহুমা খুতবার পূর্বে দুই ঈদের সালাত আদায় করতেন।

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি
ওয়াসাল্লাম আবূ বকর ও উমার রাদিয়াল্লাহুমা খুতবার পূর্বে দুই ঈদের সালাত আদায়
করতেন।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও খুলাফায়ে রাশেদীনের অভ্যাস ছিল তারা মানুষদের নিয়ে ঈদুল আযহা ও ফিতরের সালাত আদায় করতেন এবং খুতবা দিতেন। আর খুতবার আগে সালাত আদায় করতেন। এভাবে আমল চলছিল। তারপর আসল মারওয়ানের যুগ। তখন সালাতের আগে খুতবা দেওয়া আরম্ভ করলেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5322